

এই নাগিনীকে প্রতিহত করুন।

ভোরের কাগজ ২৭শে ডিসেম্বর ২০০৪

সচিবালয়ে লিফলেট : জামাতীদের কবল থেকে জনপ্রশাসন রক্ষার আহ্বান

কাগজ প্রতিবেদক : জনপ্রশাসনকে জামাত-শিবিরের কবল থেকে মুক্ত করার আহ্বান জানিয়ে সচিবালয়ে জাতীয়তাবাদী কর্মকর্তা-কর্মচারী ফোরাম একটি লিফলেট বিলি করেছে। গতকাল সোমবার বিকাল সাড়ে ৩টায় সচিবালয়ের ১ নম্বর ভবনে 'প্রশাসন দখলের জামাতি অভিযান!' শিরোনামের এই লিফলেট ছাড়া হয়। সচিবালয়ে কর্মরত গোয়েন্দারা লিফলেট ছাড়ার সঙ্গে জড়িতদের খোঁজ শুরু করেছে।

জাতীয়তাবাদী কর্মকর্তা-কর্মচারী ফোরাম এর ছাড়া লিফলেটে বলা হয়, প্রধান নির্বাচন কমিশনার পদে জামাতের মজলিশে সুরার সদস্য স্বরাষ্ট্র সচিব ওমর ফারুককে নিয়োগ প্রক্রিয়া চূড়ান্ত। বাণিজ্য, পরিকল্পনা, শিল্প, স্বাস্থ্য, মহিলা বিষয়ক, সংস্থাপন, প্রাথমিক ও জনশিক্ষা, সমাজকল্যাণ এবং তথ্য মন্ত্রণালয়ের সচিব পদ এবং সিএন্ডএজির মতো গুরুত্বপূর্ণ পদ এখন জামাতপন্থী কর্মকর্তাদের দখলে। সকল মন্ত্রণালয় ও বিভাগে জামাতপন্থী কর্মকর্তাদের অবাধ পদচারণা। এছাড়া সাম্প্রতিক গণনিয়োগ প্রক্রিয়ায় মন্ত্রণালয় ও অধস্তন দপ্তরসমূহে জামাত-শিবির ক্যাডার বাহিনী নিয়োগের মহোৎসব চলছে।

লিফলেটে আরো বলা হয়, জেলা পর্যায়ে লাখ লাখ টাকার বিনিময়ে জামাত-শিবিরের স্থানীয় ক্যাডারদের নিয়োগ বাতিল করেও তা সুকৌশলে আবার পুনর্বহাল করা হয়েছে।

জামাতি নিয়ন্ত্রণে ক্রসফায়ারের নামে র্যাভের হাতে জাতীয়তাবাদী ও আওয়ামী লীগ কর্মী নিধন অভিযান অব্যাহত। বাংলাভাই কিংবা শিবির সন্ত্রাসীদের টিকিটি পর্যন্ত স্পর্শ করতে পারেনি র্যাভ। ওমর ফারুক যতোদিন স্বরাষ্ট্র সচিব আছেন ততোদিন এভাবেই অভিযান চলবে। আগামী জাতীয় সংসদ নির্বাচনকে লক্ষ্য স্থির করে ব্যবসা-বাণিজ্য, উন্নয়ন প্রকল্প ও আর্থিক প্রতিষ্ঠান থেকে অপকৌশলে অর্থ হাতিয়ে নেওয়ার জামাতি মহাপরিকল্পনা বাস্তবায়ন সম্পন্ন হতে চলছে। এছাড়াও শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী নিয়োগের মাধ্যমে পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহ দখলের জামাতি নীলনকশা সম্পন্ন। জাতীয়তাবাদী কর্মকর্তা-কর্মচারী ফোরামের লিফলেটে আরো বলা হয়, বন্ধু সেজে এরাই আমাদের ওপর ছোবল মারার অপেক্ষায় আছে। আর বিলম্ব নয় জামাত-শিবিরের হিংস্র ছোবল থেকে প্রশাসনকে রক্ষা করার এখনই প্রকৃত সময়।